

নিরাপত্তার স্বার্থে বিমানের ৩টি ফ্লাইটের সূচি পরিবর্তন

- A Monitor Desk Report

Date: 10 May, 2025



ঢাকাঃ পাকিস্তান ও ভারতের মধ্যকার সাম্প্রতিক উত্তেজনার ছায়া পড়েছে আকাশপথে। নিরাপত্তার স্বার্থে পাকিস্তানের আকাশসীমা পরিহার করে ফ্লাইট পরিচালনা করছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। ফলে ঢরেন্টো, লন্ডন ও রোমগামী ফ্লাইটগুলোর সময়সূচিতে সাময়িক পরিবর্তন এনেছে জাতীয় এয়ারলাইন্স।

এই পরিবর্তন ২৪ দিনের জন্য (৯-৩১মে) পর্যন্ত কার্যকর থাকবে বলে জানিয়েছেন বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের মহাব্যবস্থাপক (জনসংযোগ) এ.বি.এম. রওশন কবীর।

পরিবর্তিত সময়সূচি অনুযায়ী, ঢাকা-ঢরেন্টো রুটের ফ্লাইট বিজি ৩০৫/৩০৬ ঢাকা থেকে আগের মধ্যরাত ৩টা ৪৫ মিনিটের পরিবর্তে ৪৫ মিনিট আগে, রাত ৩টায় ছেড়ে যাবে। তবে ঢরেন্টো থেকে ছাড়ার সময় অপরিবর্তিত থাকবে।

ঢাকা-লন্ডন রুটে বিজি ২০১/২০২ ফ্লাইট ঢাকা থেকে সকাল ৭টা ৪০ মিনিটের পরিবর্তে সকাল ৭টায় ছেড়ে যাবে। শুধু বৃহস্পতিবার এই ফ্লাইট সকাল ৮টা ৫০ মিনিটের পরিবর্তে ৮টা ১০ মিনিটে ছেড়ে যাবে। লন্ডন থেকে ছাড়ার সময় অপরিবর্তিত থাকবে।

এছাড়া ঢাকা-রোম রুটের বিজি ৩৫৫/৩৫৬ ফ্লাইটটি ঢাকা থেকে ছাড়বে সকাল সাড়ে ১১টার পরিবর্তে পৌনে ১১টায়। রোম থেকে ফ্লাইট ছাড়ার সময়েও কোনো পরিবর্তন আনা হয়নি।

বিমান কর্তৃপক্ষ যাত্রীদের প্রতি অনুরোধ জানিয়ে বলেছে, নির্ধারিত পরিবর্তিত সময় অনুযায়ী যথাসময়ে বিমানবন্দরের চেক-ইন কাউন্টারে উপস্থিত থাকতে। যাত্রীদের যেকোনো অসুবিধার জন্য আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স।

